
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন খুলনা বিভাগাধীন
বিভিন্ন প্রকল্পের আবাসিক প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস ও আবেদনপত্র-২০২৬



সুন্দরবনের বিখ্যাত চিত্রা হরিণ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
খুলনা ডিভিশন, খুলনা।

**মূল্য: ১০০০.০০ (এক হাজার) টাকা মাত্র।**

*wbesite: www.nha.gov.bd*
*E-mail: chairman@nha.gov.bd*

CamScanner

• আবাদী জমি রক্ষা করি, পরিকল্পিত আবাস গড়ি *

**জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধীনে বিভিন্ন হাউজিং এস্টেট এর**

**আবাসিক প্লট বরাদ্দের**

# আবেদনপত্র

| আবেদনপত্রের ক্রমিক নম্বর | | | |
|---|---|---|---|
| | | | |

অফিস কর্তৃক পূরণ করা হইবে

২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি

১ (এক) কপি সদৃঢ়ভাবে আঠা দিয়ে লাগাইতে হইবে

১। আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে) ঃ

বাংলায় .....

ইংরেজীতে (ক্যাপিটাল লেটারে).....

২। পিতা / স্বামীর নাম ঃ ....., মাতার নাম ঃ .....

৩। আবেদনকারীর জন্ম তারিখ ঃ ....., বছর ঃ .....দিন ঃ .....মাস ঃ.....

(বয়সের প্রমাণপত্র সংযুক্ত করতে হবে)

৪। বর্তমান ঠিকানা ঃ .....

.....

টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ ..... মোবাইল ঃ .....

৫। স্থায়ী ঠিকানা ঃ .....

(প্রমানপত্র সংযুক্ত করতে হবে)

৬। ভোটার আই ডি নং (যদি থাকে) ঃ .....

৭। পেশার বিবরণ ঃ .....

(ক) অফিস/সংস্থা/ব্যবসা প্রতিষ্ঠানের নাম ঃ .....

(খ) চাকুরীজীবি হইলে ঃ ১। পদের নাম ঃ .....২। বেতন স্কেল ঃ.....

৩। বর্তমান প্রাপ্ত মূল বেতন ঃ.....৪। চাকরীতে যোগদানের তারিখ ঃ .....

৫। মেয়াদ কাল ঃ .....

(গ) ব্যবসায়ী হইলে ব্যবসার ধরণ ঃ .....

(ঘ) অন্যান্য উৎস হইতে আয় ঃ .....

(আয়ের স্বপক্ষে প্রমাণ পত্র এবং আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

৮। টি আই এন নম্বর (যদি থাকে)ঃ .....

৯। (ক) প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয়ের রশিদ নম্বর ঃ....., তারিখ ঃ .....

(মূল রশিদ সংযুক্ত করিতে হইবে)

(খ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ বরাবরে জমাকৃত ব্যাংক ড্রাফ্ট নং ঃ .....

টাকার পরিমাণঃ ....., তারিখঃ .....

ব্যাংকের নাম ঃ ....., শাখা ঃ .....

(গ) বৈদেশিক আবেদনকারী FC A/C. No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA 002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH- এ অর্থ প্রেরণের বিবরণঃ

.....

(প্রমাণক সংযুক্ত করতে হবে)।

১০। প্রকল্পের নামঃ.....

১০। আবেদনকৃত প্লটের পরিমাণ ঃ.....

(কোন প্রকার কাটাকাটি/ঘষা মাজা/ফ্লুইড ব্যবহার করা যাবে না)

১১। প্রসপেক্টাসে বর্ণিত চাহিদামতে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করিতে হইবে।

১২। হলফনামার তারিখ ঃ.....

১৩। আবেদনকারীর (নিজ নামে) অনলাইন ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে) ঃ .....,

ব্যাংকের নাম ঃ.....,শাখাঃ.....,

(জামানতের অর্থ ফেরত প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে)

আমি অঙ্গীকার করিতেছি যে, আমার উপরোক্ত প্রদত্ত তথ্যসমূহ নির্ভুল এবং সত্য।

(আবেদনকারীর স্বাক্ষর)

আবেদনের তারিখ ঃ .....

**(বিঃ দ্রঃ আবেদনপত্র পূরণ করিবার পূর্বে অনুগ্রহ পূর্বক প্রসপেক্টাস মনোযোগ দিয়া পাঠ করিবেন)**

CamScanner

# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা বিভাগাধীন বিভিন্ন প্রকল্পের স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট বরাদ্দের

# প্রসপেক্টাস-২০২৬

## ১.০ আবেদনকারীর যোগ্যতা:

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনা ডিভিশনাধীন বিভিন্ন প্রকল্পের স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিক/ব্যক্তিগণ ক্রয়কৃত প্রসপেক্টাস এর সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদন দাখিল করতে পারবেন।

১.১ আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ আবেদনকারীর বয়স ০১.০৮.২০২৬ খ্রি. তারিখে নূন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে।

১.৩ বিদেশে কর্মরত বাংলাদেশের নাগরিকগণ (NRB) প্লট বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন এবং তাদের ক্ষেত্রে ঐ দেশের নোটারী পাবলিক/বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার সম্মুখে সম্পাদিত হলফনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.nha.gov.bd) হতে প্রসপেক্টাস ও আবেদনপত্র ডাউনলোড করে প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ Chairman, National Housing Authority, 82, Segunbagicha, Dhaka-1000, Bangladesh. ঠিকানায় ডাক মাশুলের খরচসহ প্রেরণ করতে হবে। প্রসপেক্টাস বাবদ ১৫.০০ মার্কিন ডলার এবং প্লট বরাদ্দের জন্য নির্ধারিত জামানতের টাকার সমপরিমান মার্কিন ডলার একত্রে Chairman, National Housing Authority এর নামে FC A/C. No. 0211-130000300 হিসাবে SWIFT CODE BKSIBDDHA002 BASIC BANK LIMITED (Main Branch) MOTIJHEEL, DHAKA, BANGLADESH-জমা প্রদান করে মূল মানি রশিদের ফটোকপি আবেদনপত্রের সহিত প্রেরণ করতে হবে।

## ২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও দাখিল

২.১ বেসিক ব্যাংক পি.এল.সি এর নিম্নলিখিত শাখা সমূহে অফিস চলাকালীন সময়ে ১,০০০/-(এক হাজার টাকা) মাত্র নগদ গ্রহণ সাপেক্ষে পত্রিকায় প্রকাশিত নির্ধারিত তারিখ হতে প্লটের প্রসপেক্টাস ও আবেদনপত্র গ্রহণ ও জমা করা যাবে:

| ক্রমিক নং | শাখার নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১ | কেডিএ এভিনিউ শাখা | আল মুমিন সেন্টার, ৫৮ কেডিএ এভিনিউ, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০। |
| ০২ | খুলনা শাখা | ১০৭, স্যার ইকবাল রোড, খুলনা-৯১০০। |
| ০৩ | যশোর শাখা | এন.এল.আই. টাওয়ার-০৪, ১৪২ দেশবন্ধু চিত্তরঞ্জন রোড, চৌরাস্তা, কোতয়ালী, যশোর। |
| ০৪ | বরিশাল শাখা | ১০২, চকবাজার রোড, বরিশাল |
| ০৫ | ফরিদপুর শাখা | ২৯/ডি, ওয়ার্ড নং- ০২, কোতয়ালী, ফরিদপুর। |
| ০৬ | প্রধান কার্যালয় | বন শিল্প ভবন (নীচ তলা), ৭৩, মতিঝিল সি/এ, ঢাকা-১০০০। |
| ০৭ | চট্টগ্রাম শাখা | ষোলশহর, চট্টগ্রাম। |
| ০৮ | মিরপুর শাখা | বেসিক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স, ইন্ডাষ্ট্রিয়াল প্লট নং-১/১, সেকশন-০৭, এভিনিউ-০৪, রোড নং-০৩, পল্লবী, ঢাকা-১২২১। |
| ০৯ | কুমিল্লা শাখা | হোল্ডিং নং-০৩, এ.এম.ডি. কমপ্লেক্স মার্কেট, ছাতিপট্টি, রাজগঞ্জ, কুমিল্লা-৩৫০০ |
| ১০ | রাজশাহী শাখা | সরকার টাওয়ার (২য় তলা), কুমার পাড়া, গৌরমারা, বোয়ালীয়া, রাজশাহী-৬১০০। |
| ১১ | ঝিনাইদহ শাখা | ২০৩, হোসেন শহীদ সোহরাওয়ার্দী রোড, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। |
| ১২ | নড়াইল উপ-শাখা | ৯৪ জননী সুপার মার্কেট, নড়াইল-যশোর রোড, নড়াইল সদর, নড়াইল। |

২.২ প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত হারে জামানতের টাকা চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফসীলভুক্ত/বাণিজ্যিক ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে :

৩.০০ কাঠা এবং এর উর্দ্ধে আয়তনের প্লটের জন্য = ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা মাত্র।
৩.০০ কাঠার নিম্ন আয়তনের প্লটের জন্য = ১,৫০,০০০.০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র ।

২.৩ যারা প্লট পাবেন না তাদের জামানতের টাকা বরাদ্দ প্রাপকের তালিকা প্রকাশের পর সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে নির্বাহী প্রকৌশলী, খুলনা ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খালিশপুর, খুলনা অফিস হতে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে আবেদনকারীর হিসাব নম্বরে প্রেরণ করা হবে। তবে কোন প্রকার সুদ প্রদান করা হবে না।



CamScanner

২.৪ সকল আবেদনকারীগণ তাদের জামানতের টাকা যে ব্যাংক ও একাউন্ট নম্বরে ফেরত পেতে ইচ্ছুক তার একাউন্ট নম্বর, ব্যাংকের নাম, রাউটিং নাম্বার ও ঠিকানা আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করবেন। যে সকল আবেদনকারি প্লট পাবেন না তাদের জামানতের টাকা স্বয়ংক্রিয়ভাবে হিসাব নম্বরে পাঠানো হবে এবং প্লট বরাদ্দ পাওয়ার পর, পরবর্তীতে নিতে আগ্রহী না হলে তাদের জানামতের টাকা যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করলে এবং সে আবেদন অনুমোদন সাপেক্ষে আবেদনকারির অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে অনুমোদনকৃত অর্থ প্রেরণ করা হবে।

## ৩.০ প্লটের আয়তন, সংখ্যা ও মূল্য:

কাঠা প্রতি জমির আনুমানিক মূল্য, আয়তন ও সংখ্যা নিম্নে দেওয়া হলো:

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্লটের আয়তন | প্লটের সংখ্যা (কম/বেশী) | জমির আনুমানিক মূল্য (কাঠা প্রতি) | |
|---|---|---|---|---|---|
| | | | | ৫৯ ফিট ও তদনিম্ন রাস্তার পার্শ্বের জমি | ৬০ ফিট হতে ৭৯ ফিট রাস্তার পার্শ্বের জমি |
| ১। | ঝালকাঠি জেলার নলছিটি উপজেলায় আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৩.০০ কাঠা | ০৭ টি | ৫,৫০,০০০/- | ৬,৫০,০০০/- |
| | | ২.৬৩ কাঠা | ০১ টি | | |
| ২। | যশোর হাউজিং এস্টেটের নবসৃষ্ট আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ২.৭৭ কাঠা | ০১ টি | ৮,০০,০০০/- | ১০,০০,০০০/- |
| ৩। | বরিশাল জেলার রূপাতলী হাউজিং এস্টেটের নবসৃষ্ট আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৩.০০ কাঠা | ০৭ টি | ১০,০০,০০০/- | ১৫,০০,০০০/- |
| ৪। | পিরোজপুর জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৪.০০ কাঠা | ০৫ টি | ৪,৯২,০০০/- | --- |
| | | ৪.১১ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৮৮ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৩৭ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৩৬ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৩২ কাঠা | ০১ টি | | |
| | | ৩.২৫ কাঠা | ০১ টি | | |
| | | ৩.০০ কাঠা | ২১ টি | | |
| | | ২.৭৮ কাঠা | ০১ টি | | |
| | | ২.৫০ কাঠা | ০১ টি | | |
| ৫। | নড়াইল জেলা সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প | ৫.০০ কাঠা | ০২ টি | ৫,০০,০০০/- | ৬,০০,০০০/- |
| | | ৪.০০ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৫০ কাঠা | ০১ টি | | |
| | | ৩.৪০ কাঠা | ০১ টি | | |
| | | ৩.০০ কাঠা | ২৩ টি | | |
| | | ২.৫০ কাঠা | ০১ টি | | |
| ৬। | খুলনা জেলার ফুলতলা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫.০০ কাঠা | ০২ টি | ৬,০০,০০০/- | ৭,০০,০০০/- |
| | | ৩.০০ কাঠা | ২৪ টি | | |
| ৭। | খুলনা জেলার খালিশপুর হাউজিং এস্টেট সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৩.১২ কাঠা | ০২ টি | ১০,০০,০০০/- | ১২,০০,০০০/- |
| | | ২.৯০ কাঠা | ১ টি | | |
| | | ২.৮১ কাঠা | ০১ টি | | |
| | | ২.৬৮ কাঠা | ০১ টি | | |
| | | ২.৪১ কাঠা | ০১ টি | | |
| | | ২.৩৫ কাঠা | ০১ টি | | |
| | | ২.৩২ কাঠা | ০১ টি | | |
| | | ২.৩১ কাঠা | ০২ টি | | |
| | | ২.২২ কাঠা | ০১ টি | | |
| | | ২.১৮ কাঠা | ০২ টি | | |
| | | ২.১২ কাঠা | ০৩ টি | | |
| | | ২.০৪ কাঠা | ০১ টি | | |
| | | ২.০০ কাঠা | ০২ টি | | |
| | | ১.৯৪ কাঠা | ০১ টি | | |
| | | ১.৮৯ কাঠা | ০১ টি | | |
| | | ১.৮৭ কাঠা | ০১ টি | | |
| | | ১.৮০ কাঠা | ০১ টি | | |
| | | ১.৭৭ কাঠা | ০১ টি | | |



CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮। | মাগুরা জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫.০০ কাঠা<br>৩.০০ কাঠা | ০৪ টি<br>২২ টি | ৪,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ৯। | মাদারীপুর সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প। | ৫.৭৬ কাঠা<br>৫.৫৭ কাঠা<br>৫.২৭ কাঠা<br>৫.০০ কাঠা<br>৪.৯১ কাঠা<br>৪.৬৭ কাঠা<br>৪.৫৮ কাঠা<br>৪.৫০ কাঠা<br>৪.২৮ কাঠা<br>৩.৮৭ কাঠা<br>৩.৬৯ কাঠা<br>৩.৫৮ কাঠা<br>৩.২৭ কাঠা<br>৩.২০ কাঠা<br>৩.১৭ কাঠা<br>৩.১৬ কাঠা<br>৩.০০ কাঠা<br>২.৮৮ কাঠা<br>২.৭৫ কাঠা<br>২.৪৮ কাঠা<br>২.৩৭ কাঠা | ০১ টি<br>০১ টি<br>০১ টি<br>১৮ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>৮৮ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি<br>০১ টি | ৪,০০,০০০/- | ৫,০০,০০০/- |
| ১০। | গোপালগঞ্জ জেলা শহরে হাউজিং প্রকল্প (১ম পর্ব) | ৫.০০ কাঠা<br>৩.০০ কাঠা | ০২ টি<br>০২ টি | ৫,০০,০০০/- | ৭,০০,০০০/- |
| ১১। | পটুয়াখালী হাউজিং এস্টেট | ৩.০০ হতে ৫.০০ কাঠা | ০৬ টি | ৫,০০,০০০/- | ৬,০০,০০০/- |
| ১২। | বয়রা হাউজিং এস্টেট | ৩.০০ কাঠা | ০৫ টি | ১২,০০,০০০/- | ১৫,০০,০০০/- |
| ১৩। | ঝিনাইদহ জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক প্লট | ৫.০০ কাঠা<br>৪.০০ কাঠা<br>৩.৫০ কাঠা<br>৩.০০ কাঠা | ০৬<br>২৪<br>০৬<br>৪৪ | ৬,০০,০০০/- | ৭,০০,০০০/- |
| ১৪। | ফরিদপুর হাউজিং এস্টেট | ২.৫০ কাঠা<br>৩.৫০ কাঠা | ০১<br>০১ | ৮.০০,০০০/- | ১২,০০,০০০/- |

**৪.০ আবেদনকারীকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনের সাথে দাখিল করতে হবে:**

৪.১ সঠিকভাবে পূরণকৃত ও স্বাক্ষরিত আবেদনপত্র।

৪.২ চাকুরজীবী আবেদনকারীদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিকট হতে আবেদনকারীর পরিচিতি (নাম, পদবী, জন্ম তারিখ) আবেদনের তারিখে মাসিক মূল বেতন, বেতন স্কেল উল্লেখ পূর্বক সার্টিফিকেট এবং প্রযোজ্য ক্ষেত্রে আয়কর সার্টিফিকেট ও হালনাগাদ রিটার্ণ দাখিলের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের উক্ত সার্টিফিকেট বাংলাদেশ দূতাবাস কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৪.৩ আবেদনকারীগণদের মধ্যে যাহাদের বাৎসরিক আয় ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকার নিচে, তাহাদের আয়ের স্বপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ স্বায়ত্বশাসিত সংস্থার ১ম শ্রেণীর কর্মকর্তা /চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/ মেয়র/ পৌরসভার কাউন্সিলর, সিটি কর্পোরেশন কর্তৃক সার্টিফিকেট দাখিল করতে হবে।

৪.৪ যাহাদের বাৎসরিক আয় ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকার উর্ধ্বে তাহাদেরকে TIN সার্টিফিকেট ও হালনাগাদ রিটার্ন দাখিলের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪.৫ প্রকল্প এলাকার জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ আবেদন করতে পারিবেন , তবে তাহাদিগকে এওয়ার্ড সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৪.৬ আবেদনকারীর সঠিক বয়স প্রমাণের জন্য ১ম শ্রেণীর গেজেটেড অফিসার /স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরীরত ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত এসএসসি /সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। যাহারা



CamScanner

এসএসসি/সমমান পরীক্ষা পাশ করেন নাই , তাহাদের বয়স প্রমাণের জন্য ভোটার আইডি কার্ড /জন্ম নিবন্ধন সনদ /ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলরের সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

৪.৭ প্রসপেক্টাসে উল্লেখিত পরিশিষ্ট-'খ' মোতাবেক ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা দিতে হবে।

৪.৮ ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (২ কপি আবেদনপত্রে ও ১ কপি হলফনামায় সংযুক্ত করতে হবে)।

৪.৯ বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেটের প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলে দাবী করতে পারবেন না।

৪.১০ প্রসপেক্টাস ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

## ৫.০ প্লটের কিস্তি পরিশোধের নিয়মাবলী:

৫.১ বরাদ্দ প্রাপক প্লটের মূল্য একাধিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করতে পারবেন।

৫.২ **প্রথম কিস্তিঃ** বরাদ্দকৃত জমির মোট মূল্যের ৪০% টাকা বরাদ্দ পত্র জারীর ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। আবেদনের সময় জামানত হিসেবে প্রদত্ত টাকা প্রথম কিস্তির সাথে সমন্বয় করা হবে।

৫.৩ **দ্বিতীয় কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ১২ (বার) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা ১১% সুদসহ পরিশোধ করতে হবে।

৫.৪ **তৃতীয় কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ১৮ (আঠার)) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা ১১% সুদসহ পরিশোধ করতে হবে।

৫.৫ **চতুর্থ কিস্তিঃ** বরাদ্দ পত্র জারীর ২৪ (চব্বিশ) মাসের মধ্যে মোট মূল্যের ২০% টাকা ১১% সুদসহ পরিশোধ করতে হবে। অর্থাৎ সর্বমোট ১০০% মূল্য পরিশোধ করতে হবে।

৫.৬ বরাদ্দপত্র জারীর ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে প্লটের সমুদয় মূল্য এককালীন পরিশোধ অথবা জমির ৪র্থ কিস্তির টাকা পরিশোধের ৬ (ছয়) মাস এর মধ্যে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে এবং প্লট রেডি সাপেক্ষে প্লটের বাস্তব দখল হস্তান্তরসহ লীজ দলিল রেজিস্ট্রি করার ব্যবস্থা গ্রহণ করা হবে। এর যাবতীয় ব্যয়ভার বরাদ্দ গ্রহীতাকে বহন করতে হবে।

৫.৭ লীজ দলিল সম্পাদনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে অবশ্যই জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী কর্তৃক অনুমোদিত নকশা/ ছাড়পত্র অনুযায়ী এবং উন্নয়ন কর্তৃপক্ষ/ সিটি কর্পোরেশন/ স্থানীয় পৌর কর্তৃপক্ষ/ অন্যান্য প্রকল্প এলাকার জন্য সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ করতে হবে। অন্যথায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সময়ে সময়ে জারীকৃত পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.৮ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ অনুচ্ছেদ ৪.১০.১ অনুযায়ী মাসিক/বার্ষিক কিস্তির অর্থ যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে খেলাপি টাকার উপর ১ (এক) বছর পর্যন্ত ১৩% হারে, ২ (দুই) বছর পর্যন্ত ১৫% হারে এবং ৩ (তিন) বছর পর্যন্ত ১৮% হারে বিলম্ব ফি আদায়যোগ্য হবে।

৫.৯ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ অনুচ্ছেদ ৪.১০.২ (ক) অনুযায়ী খেলাপি অর্থ ৩ (তিন) বছরের অধিককাল অপরিশোধিত থাকলে বরাদ্দকৃত প্লট/ফ্ল্যাটের বরাদ্দ বাতিল হবে। তবে, বরাদ্দ প্রাপকের আবেদনক্রমে যুক্তিসংগত কারণ বিবেচনায় বাতিলযোগ্য প্লট/ফ্ল্যাট কর্তৃপক্ষের চেয়ারম্যান এর অনুমোদনক্রমে বহাল রাখা যাবে। এরূপ বহালের ক্ষেত্রে বহাল আদেশের ৬০ (ষাট) দিনের মধ্যে পাওনাদি পরিশোধ করতে হবে। (খ) বরাদ্দপ্রাপকের আবেদনের সময় পর্যন্ত খেলাপি অর্থ আদায়যোগ্য হবে। তবে, নির্ধারিত সময়েও উক্ত পাওনাদি পরিশোধে ব্যর্থ হলে বহাল অনুমোদন বাতিল হবে এবং পুনরায় আবেদনের প্রেক্ষিতে হালনাগাদ সময় পর্যন্ত বিলম্ব ফি সহ বকেয়া অর্থ আদায়যোগ্য হবে।

৫.১০ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১০.৩ অনুযায়ী কিস্তিতে বরাদ্দকৃত প্লট/ফ্ল্যাটের খেলাপি কাল ৩ (তিন) বছরের অধিক হলে কর্তৃপক্ষ সংগত কারণে বরাদ্দ বহাল রাখার ক্ষেত্রে ২১% হারে 'বিলম্ব ফি' সহ বকেয়া কিস্তি আদায়যোগ্য হবে।

৫.১১ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১০.৪ অনুযায়ী বরাদ্দকৃত প্লট/জমির ৩ (তিন) বছরের অধিককাল খেলাপি হলে কর্তৃপক্ষ কর্তৃক সংগত কারণে বহাল রাখার ক্ষেত্রে হালনাগাদ নির্ধারিত জমির মূল্য অনুযায়ী এককালীন আদায়যোগ্য হবে।

৫.১২ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১১ অনুযায়ী এককালীন পরিশোধযোগ্য ফ্ল্যাট/প্লটের ক্ষেত্রে বরাদ্দপত্রে উল্লিখিত সময়ের মধ্যে নির্ধারিত অর্থ পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দ প্রাপকের আবেদনক্রমে ১ বছর পর্যন্ত ১৩% হারে 'বিলম্ব ফি'সহ উক্ত অর্থ এককালীন পরিশোধ করা যাবে। ব্যর্থতায় কর্তৃপক্ষ ৪.১৩ অনুসরণ পূর্বক বরাদ্দ বাতিল করতে পারবে।

৫.১৩ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১২ অনুযায়ী এককালীন অর্থ পরিশোধ/কিস্তি শুরুর মেয়াদ: ডাউনপেমেন্ট পরিশোধের পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে বরাদ্দগ্রহীতা অবশিষ্ট অর্থ কোন প্রকার ফি বা সার্ভিস চার্জ ব্যতীত এককালীন পরিশোধ করতে পারবেন। এককালীন অর্থ পরিশোধ না করলে ডাউনপেমেন্ট পরিশোধের ৩ (তিন) মাস পর মাসিক কিস্তির মেয়াদ শুরু হবে এবং কিস্তি চলমান অবস্থায় যথারীতি "কিস্তি সুবিধা ফি" ও প্রযোজ্য ক্ষেত্রে "বিলম্ব ফি" পরিশোধ করতে হবে। তবে, কিস্তি চলমান অবস্থায় কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যে কোন সময় ২% সার্ভিস চার্জ প্রদান সাপেক্ষে অবশিষ্ট অর্থ এককালীন পরিশোধ করা যাবে।



CamScanner

৫.১৪ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১৩ অনুযায়ী যেকোনো বরাদ্দপত্র বাতিলের পূর্বে আবশ্যিকভাবে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ এর মাধ্যমে বরাদ্দগ্রহীতাকে অবহিত করতে হবে। এ ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতা/তার স্ত্রী/ তার উপর নির্ভরশীল সন্তান সরাসরি/ই-মেইলের নোটিশ গ্রহণ করলে বরাদ্দগ্রহীতা অবহিত হয়েছেন মর্মে গণ্য হবে।

৫.১৫ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১৬ অনুযায়ী প্লট/ফ্ল্যাটের বরাদ্দগ্রহীতাগণ বরাদ্দপত্রের শর্তানুযায়ী সর্বোচ্চ ০১ (এক) বছরের মাসিক কিস্তির টাকা (প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি সহ) সরাসরি চালানের মাধ্যমে/ অনলাইনে নির্ধারিত ব্যাংক হিসাবে জমা দিতে পারবেন। জমাকৃত টাকার চালানের কপি অনধিক ১ (এক) মাসের মধ্যে নথি সংরক্ষণকারীর দপ্তরে জমা দিতে হবে।

৬.১৬ বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ নির্ধারিত "এফসি" একাউন্ট এর মাধ্যমে অথবা বাংলাদেশী মুদ্রায় জমির মূল্য পরিশোধ করতে পারবেন। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ জমাকৃত অর্থ ফেরত দিলে তা বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হবে। বৈদেশিক মুদ্রায় বিনিময় হারের জন্য জামানতের অর্থ বাংলাদেশী মুদ্রায় হ্রাস পেলে তা গ্রহণে সম্মত থাকতে হবে।

## ৬.০ প্লট সমর্পণ:

৬.১ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১৮ অনুযায়ী ঢাকা, চট্টগ্রামসহ সকল বিভাগীয় শহরের প্লট/ফ্ল্যাটসমূহ বরাদ্দপ্রাপ্তির পর বাস্তব দখল প্রদানের পূর্বে সমর্পণ/প্রত্যার্পণের ক্ষেত্রে জমাকৃত টাকার ৭% হারে কর্তনযোগ্য হবে। অন্যান্য মেট্রোপলিটন সিটি ও জেলা-উপজেলার প্লট/ফ্ল্যাট সমূহ সমর্পণ/প্রত্যার্পণের ক্ষেত্রে জমাকৃত টাকা হতে ৫% হারে কর্তন করা হবে। তবে প্রসপেক্টাসে সমর্পণের বিষয়ে বর্ণিত শর্তাদি অগ্রাধিকার পাবে।

৬.২ বরাদ্‌দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.১৯ অনুযায়ী বাস্তব দখল গ্রহণের পর কোন প্লট/ফ্ল্যাটের সমর্পণ/প্রত্যার্পণ/বিকল্প প্লট/ফ্ল্যাটের আবেদন গ্রহণযোগ্য হবে না। তবে সঙ্গত কারণে সমর্পিত হয়ে থাকলে তা গণপূর্ত অধিদপ্তরের প্রচলিত শিডিউল অব রেটস অনুযায়ী অবচয় ব্যয়হারমূল্য নির্ধারণ করে বোর্ডের অনুমোদন সাপেক্ষে জমাকৃত টাকা কর্তন পূর্বক অবশিষ্ট অর্থ ফেরত দেয়া হবে।

৬.৩ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৪.৯ (ক) অনুযায়ী কোন বরাদ্দগ্রহীতা ইজারা দলিল সম্পাদনের পূর্বে প্লট/ফ্ল্যাট কোনভাবে হস্তান্তর করতে পারবেন না। (খ) বরাদ্দগ্রহীতা মৃত্যুবরণ করলে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ওয়ারিশ সনদের ভিত্তিতে ওয়ারিশগণের অনুকূলে সংশোধিত বরাদ্দপত্র জারি করতে হবে।

৬.৪ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ৯.২ অনুযায়ী লিজ দলিল সম্পাদন এবং বাস্তব দখল গ্রহণের পূর্বে পাওয়ার অব এটর্নি/আমমোক্তার নিয়োগ করা যাবে না।

## ৭.০ বরাদ্দ বাতিলকরণ, উচ্ছেদ করণ/ প্লটের বরাদ্দ হতে অব্যাহতি গ্রহণ:

৭.১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ফ্ল্যাট/প্লট প্রকল্পের ক্ষেত্রে বরাদ্দ প্রাপকগণের অনুকূলে কর্তৃপক্ষের লিজ দলিল সম্পাদন ব্যতিত প্লট গ্রহীতা প্লটের বন্ধক, লীজস্বত্ব, বায়না, পাওয়ার অব এটর্নী (আম-মোক্তার), বিক্রয়/হস্তান্তর/পুনঃবরাদ্দ করতে পারবেন না। এই শর্ত ভঙ্গের কারনে কোন কারণ দর্শানো ব্যতিত তার বরাদ্দপত্র বাতিল করা হবে।

৭.২ বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ ১৯.১ অনুযায়ী কোনো প্লট/ফ্ল্যাটের বরাদ্দগ্রহীতা বরাদ্দপত্র এবং ইজারা চুক্তির কোনো শর্ত ভঙ্গ করলে, বিনা অনুমতিতে শ্রেণী/ধরন পরিবর্তন করলে, অনুমতি ব্যতীত বিভাজন/সংযোজন করলে আবেদনের সাথে সংযুক্ত তথ্যাদি ভুল/জাল প্রমাণিত হলে তাকে অবহিতকরণ পূর্বক বরাদ্দ বাতিল করা হবে।

৭.৩ অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। ইচ্ছাকৃত ভাবে তথ্য গোপন করলে বা ভুল তথ্য প্রদান করলে/ হলফনামায় ভূল তথ্য প্রদান করলে এবং প্রমাণিত হলে, বরাদ্দপত্র বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

## ৮.০ অধিগ্রহণজনিত/ক্ষতিগ্রস্থ জমির মলিকগণের প্লট বরাদ্দ প্রদানের নিয়মাবলী/শর্তাবলী:

৮.১ আবেদনকারীগণকে (প্রকল্প এলাকায় জমি অধিগ্রহণ জনিত ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ ব্যতিত) উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ প্রাপক নির্বাচন করা হবে।

৮.২ অধিগ্রহনকৃত দাগে কমপক্ষে ২০ (বিশ) শতাংশ জমি অধিগ্রহণ হয়েছে এমন এওয়ার্ড প্রাপ্ত ব্যক্তি সর্বোচ্চ ৩ (তিন) কাঠার প্লট নির্ধারিত মূল্যে বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, এওয়ার্ডভূক্ত সদস্যদের আবেদনের সংখ্যা বেশী হলে বরাদ্দ নির্দেশিকা-২০২৬ এর অনুচ্ছেদ-৮.৪ অনুযায়ী অথবা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বিধি-বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ৯.০ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী/শর্তাবলী:

৯.১ আবেদনকারীকে প্রকল্প এলাকার যে কোন স্থানে লটারীতে বরাদ্দকৃত প্লট গ্রহণে সম্মত থাকতে হবে।

৯.২ বরাদ্দপ্রাপকের মৃত্যুজনিত কারনে বৈধ ওয়ারিশ/ওয়ারিশগণকে মৃত্যুর পরবর্তী সময়ে কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করে তার/তাদের নামে বরাদ্দ সংশোধন করে নিবেন। মূল বরাদ্দ প্রাপকের উপর প্রযোজ্য সকল শর্তাবলী তার বৈধ ওয়ারিশগণের উপর বর্তাবে।



CamScanner

৯.৩ প্রকল্পটি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের স্ব-অর্থায়নে বাস্তবায়িত হবে।

৯.৪ কনভার্সন ব্যতীত আবাসিকভাবে বরাদ্দ প্রাপ্ত প্লটগুলি অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না।

৯.৫ প্রকল্প এলাকায় রাস্তা, ড্রেন, কালভার্ট, নির্মাণ করা হয়েছে। প্রকল্প এলাকায় মসজিদ, স্কুল, খেলার মাঠ, সাইট অফিস ও ইলেক্ট্রিক সাব-ষ্টেশনের জন্য জমির সংস্থান রাখা হয়েছে।

৯.৬ প্রসপেক্টাসে উল্লিখিত যে কোন শর্ত/শর্তাদি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন / পরিবর্ধন / সংযোজন / বিয়োজন এর ক্ষমতা সংরক্ষণ করে।

৯.৭ বর্ণিত প্লটসমূহ বাংলাদেশের স্থায়ী সকল শ্রেণীর নাগরিকদের মাঝে কোটা বিহীনভাবে আবেদনকারীগনের মধ্যে উন্মুক্ত লটারীর মাধ্যমে বরাদ্দ করা হবে। বরাদ্দ কার্যক্রম আবেদন গ্রহণের শেষ তারিখ হতে পরবর্তী ৪ (চার) মাসের মধ্যে সম্পন্ন করা হবে। তবে বিশেষ কারণে উক্ত মেয়াদ বর্ধিতকরণের ক্ষমতা মন্ত্রণালয় সংরক্ষণ করে।

৯.৮ যদি কারো নলছিটি, রূপাতলী, পিরোজপুর, মাদারীপুর, নড়াইল, মাগুরা, যশোর, ফুলতলা, বয়রা, খালিশপুর, গোপালগঞ্জ, ঝিনাইদহ, পটুয়াখালী, সিটি কর্পোরেশন/জেলা সদর/পৌরসভা/উপজেলার ০৫(পাঁচ) কিলোমিটার এলাকার মধ্যে নিজ নামে, স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্যের নামে বা বেনামে বসবাসের জন্য কোন ঘর-বাড়ি অথবা জমি/ফ্ল্যাট থাকিলে এই প্রকল্পে প্লট বরাদ্দের জন্য দরখাস্ত করবার যোগ্য হবেন না। এ বিষয়ে পরবর্তীতে উক্তরূপ প্রমাণিত হলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দের আদেশ বাতিল করা হবে এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

৯.৯ প্লট বরাদ্দের ক্ষেত্রে প্রস্পেক্টাসে উল্লেখিত জেলার স্থায়ী বাসিন্দাগণের অগ্রাধিকার প্রদান করা হবে।

## ১০.০ যে সকল কারনে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে:

১০.১ অসম্পূর্ণ / অস্বাক্ষরিত / অসত্য ও ত্রুটিপূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র।

১০.২ ঘষামাঝা / ফ্লুইড দেয়া আবেদনপত্র।

১০.৩ নিজ নামে ইস্যুকৃত আবেদনপত্র ব্যতীত অন্য আবেদনপত্র।

১০.৪ ফটোকপিকৃত আবেদনপত্র।

## ১১.০ ইজারা দলিল সম্পাদন:

১১.১ প্লটের সমুদয় মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজস্ব ব্যয় ও উদ্যোগে জাতীয় গৃহায়ন কতৃপক্ষের সাথে ইজারা দলিল (Lease Deed) সম্পাদন করতে হবে।

১১.২ প্লট বরাদ্দ প্রাপকগণ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অন্য কোন প্রকল্পের বা কোন হাউজিং এস্টেট এর জন্য প্রযোজ্য কোন শর্ত/সুবিধাকে এই প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য বলিয়া দাবী করতে পারবেন না।

১১.৩ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন সময় প্রসপেক্টাসে বিদ্যমান অনুচ্ছেদ, উপ-অনুচ্ছেদ, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১১.৪ প্রসপেক্টাসে উল্লেখ নেই এমন বিষয়াবলি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের বরাদ্দ নির্দেশিকা- ২০২৬ অনুযায়ী নির্ধারিত হবে এবং এ প্রসপেক্টাসে উল্লেখিত যে কোন শর্ত সম্পর্কে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে বিবেচিত হবে এবং তা সংশ্লিষ্ট সকলের সমভাবে প্রয়োগযোগ্য হবে।

(মোসা: ফেরদৌসী বেগম)
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
ফোন : (০২) ৯৫৬২৭৬২



CamScanner

পরিশিষ্ট-খ

| |
|---|
| ছবি |

## ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে
## হলফ নামার নমুনা

আমি :.....

পিতা/স্বামী :.....

মাতা.....

৩১/০৩/২০২৬ খ্রিঃ আবেদনকারীর জন্ম তারিখ :.....বছরঃ .....দিনঃ .....মাসঃ.....

বর্তমান ঠিকানা :.....

স্থায়ী ঠিকানা :.....

নাগরিকত্ব .....

মোবাইল নংঃ .....

ইমেইলঃ .....

এ মর্মে ঘোষণা ও অঙ্গীকার করছি যে, নিজস্ব বসবাসের জন্য আমার একটি আবাসিক প্লটের প্রয়োজন এবং আরো অঙ্গীকার করছি যে,..... সিটি কর্পোরেশন/জেলা সদর/পৌরসভা/উপজেলার ৫ কিঃ মিঃ এলাকার মধ্যে কোথাও আমার নিজের নামে/স্ত্রী/স্বামী/সন্তান/পোষ্যের নামে কিংবা বেনামে ইতোপূর্বে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের, সরকারী বা অন্যকোন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে জমি/ফ্ল্যাট বরাদ্দ পাইনি।

আমি আরো অঙ্গীকার করছি যে, প্রসপেক্টাসের যাবতীয় শর্তাবলী এবং কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল শর্তাবলীও মেনে চলবো।

উর্পযুক্ত ঘোষনা সত্য ও নির্ভুল।

.....
হলফকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর

হলফকারী আমার পরিচিত,
তিনি আমার সম্মুখে সহি সম্পাদন করেছেন,
আমি তার পরিচয় প্রদানকারী

নোটারী পাবলিক/প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট

.....
এডভোকেট

.....
বিদেশে চাকুরীরত/কর্মরত প্রার্থীদের জন্য সংশ্লিষ্ট দেশের নোটারী পাবলিক /
বাংলাদেশ দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর



CamScanner

জাতীয় গৃহায়ক কর্তৃপক্ষ, খুলনা ডিভিশন, খুলনা এর অধীনে
বিভিন্ন জেলায় আবাসিক প্লট বরাদ্দে প্রসপেক্টাস ও আবেদনপত্র

# বিক্রয় রশিদ

বহি নং: ..... রশিদ নং : ..... তারিখ : .....

জনাব: .....

এর নিকট হইতে আবেদন পত্র বিক্রয় বাবদ টাকা : .....

কথায় : ..... গ্রহীত হলো।

স্বাক্ষর : .....

পদবী : .....

জাতীয় গৃহায়ক কর্তৃপক্ষ, খুলনা ডিভিশন, খুলনা এর অধীনে
বিভিন্ন জেলায় আবাসিক প্লট বরাদ্দে প্রসপেক্টাস ও আবেদনপত্র

বিক্রয় রশিদ

বহি নং: ..... রশিদ নং : ..... তারিখ : .....

জনাব: .....

এর নিকট হইতে আবেদন পত্র বিক্রয় বাবদ টাকা : .....

কথায় : ..... গ্রহীত হলো।

স্বাক্ষর : .....

পদবী : .....

CamScanner